**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 20–08–2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

**Headlines :**

**(১) রাজ্যে ভারী বর্ষণের ফলে বেশ কয়েকটি মহকুমায় বন্যা পরিস্থিতির সৃষ্টি হয়েছে । ধ্বস ও জলে ডুবে এখন পর্যন্ত ১০ জনের মৃত্যু হয়েছে ।**

**(২) বন্যা পরিস্থিতি মোকাবিলায় প্রশাসন জরুরি ভিত্তিতে সমস্ত ধরণের ব্যবস্থা গ্রহণ করেছে ।**

**(৩) চিকিৎসক ও চিকিৎসা সংক্রান্ত পেশায় নিযুক্তদের নিরাপত্তা নিশ্চিত করতে সুপ্রিম কোর্ট একটি জাতীয় টাস্ক ফোর্স গঠন করেছে ।**

**(৪) রাজ্যভিত্তিক অনুর্ধ্ব সতেরো বালিকা বিভাগের ফুটবল প্রতিযোগিতা আজ থেকে শুরু হয়েছে ।**

*******************************************

**Prees Meet-Flood :**

রাজ্যে গত দু'দিনে ভারী বর্ষণের ফলে বেশ কয়েকটি মহকুমায় বন্যা পরিস্থিতির সৃষ্টি হয়েছে। ধ্বস ও জলে ডুবে এখন পর্যন্ত ১০ জনের মৃত্যু হয়েছে। নিখোঁজ ২ জন। দক্ষিণ জেলায় শান্তিরবাজার থানাধীন দেবীপুর এলাকায় ধ্বসে চাপা পড়ে একই

পরিবারের তিনজনের মৃত্যু হয়েছে। বিলোনিয়ার মনিরামপুর, কাসারি রিজার্ভ ফরেস্ট এলাকা ও পিয়ার বাড়ি থানাধীন তেবাড়িয়া এসটি কলোনি এলাকায় ১ জন করে মৃত্যু হয়েছে। গোমতী জেলায় মৃত্যু হয়েছে ৩ জনের। এরমধ্যে নতুন বাজার থানা এলাকায় এবং তীর্থমুখ এলাকায় এক জন করে মৃত্যুর খবর পাওয়া গেছে। তাছাড়া মুঙ্গিয়াকামি এলাকাতেও জলে ডুবে একজনের মৃত্যু হয়েছে।

এদিকে, রাজস্ব দপ্তরের সচিব ব্রিজেশ পান্ডে আজ বিকেলে সচিবালয়ের সাংবাদিক সম্মেলনে জানান, উদ্‌ভুত বন্যা পরিস্থিতিতে ত্রাণ ও উদ্ধারকাজে এখন পর্যন্ত ২০০টিরও বেশি টিমকে কাজে লাগানো হয়েছে। সারা রাজ্যে জেলা প্রশাসনের উদ্যোগে এখন পর্যন্ত মোট ১৮৩টি ত্রাণ শিবির খোলা হয়েছে। বন্যা পরিস্থিতি মোকাবিলায় সমস্ত ধরণের ব্যবস্থা জরুরি ভিত্তিতে নেওয়া হয়েছে। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ রাতে বন্যা পরিস্থিতি পর্যালোচনা বৈঠক করবেন।

তিনি জানান, এনডিআরএফ, এসডিআরএফ, সিভিল ডিফেন্স, আপদা মিত্র স্বেচ্ছাসেবী, অগ্নিনির্বাপক ও জরুরি পরিষেবা দপ্তর, বন দপ্তর ত্রাণ ও উদ্ধার কাজে নিয়োজিত রয়েছে।

এছাড়াও বিদ্যুৎ নিগম, পূর্ত দপ্তর, কৃষি দপ্তর সহ সংশ্লিষ্ট বিভিন্ন দপ্তরের আধিকারিক ও কর্মীগণ বন্যা পরিস্থিতি মোকাবিলায় স্থানীয়ভাবে কাজ করছে। রাজস্ব সচিব আরও জানান, রাজ্যে যে সমস্ত ত্রাণ শিবির খোলা হয়েছে এরমধ্যে পশ্চিম ত্রিপুরা জেলায় ২৪টি, গোমতী জেলায় ৬৮টি, দক্ষিণ ত্রিপুরা জেলায় ৩০টি ও খোয়াই জেলায় ৩৯টি শিবির খোলা হয়েছে। অবশিষ্ট শিবিরগুলি

রাজ্যের বাকি ৪টি জেলায় খোলা হয়েছে। এই সব ত্রাণ শিবিরে ৫ হাজার ৬০৭টি ক্ষতিগ্রস্ত পরিবারকে নিরাপদ আশ্রয় দেওয়া হয়েছে। ত্রাণ শিবিরগুলিতে আশ্রয়কারীদের প্রয়োজনীয় খাদ্য সামগ্রী, পানীয়জল, শিশু খাদ্য, ঔষধপত্র সরবরাহ করা হচ্ছে। তিনি জানান, হাওড়া, ধলাই, মুহুরী এবং খোয়াই নদীর জলস্তর বিকাল ৪টায় বিপদসীমার উপর দিয়ে বয়ে চলছে। তবে পরিস্থিতি নিয়ন্ত্রণে রয়েছে, অযথা উদ্বেগ বা আতঙ্কের কোনও কারণ নেই। সাংবাদিক সম্মেলনে রাজস্ব সচিব জানান, অতি বৃষ্টি ও বন্যার ফলে বহু বাড়িঘর, গবাদি পশু এবং ফসলের ব্যাপক ক্ষতি হয়েছে।

*********************************

**Flood-West District :**

পশ্চিম জেলার জেলাশাসক বিশাল কুমার জানিয়েছেন পশ্চিম জেলায় বলদা খাল, প্রতাপগড়ের কিছু অংশ, শ্রী লঙ্কা বস্তি, চন্দ্রপুর এবং বড়দোয়ালীর কিছু অংশ বন্যার কবলে পড়েছে। তিনি জানান এখন পর্যন্ত বিভিন্ন জায়গায় ছয়টি ক্যাম্প খোলা হয়েছে। আরো তিনটি ক্যাম্প প্রস্তুত রাখা হয়েছে। আগরতলাশহর এবং শহরতলীর নয়টি বন্যা কবলিত এলাকায় উদ্ধারকাজ চলছে বলে জেলা শাসক জানান। এদিকে হাওড়া নদীর জল স্তর বিপদসীমায় রয়েছে। শ্রী কুমার কয়েক ঘণ্টার মধ্যে জল স্তর কমবে বলে আশা প্রকাশ করেন।

*********************************

**Death by land slide :**

করবুক মহকুমার নিউ গোমতি এডিসি ভিলেজে আজ মাটি ধসে এক বৃদ্ধার মৃত্যু হয়েছে। পুলিশ জানিয়েছে আজ ভোর পাঁচটা নাগাদ গুড়িনাওঙ পাড়া ব্রু পূনর্বাসন কেন্দ্রের বাসিন্দা ৬২ বছর বয়সী মাইয়ি রিয়াং শৌচালয়ে গেলে হঠাৎ শৌচালয় সহ ওই এলাকার মাটি ধসে যায়। তখন ঐ বৃদ্ধা মাটির নিচে চাপা পড়ে যান। প্রায় সাড়ে চার ঘন্টা পরে মাটির নিচ থেকে বৃদ্ধার মৃতদেহটি উদ্ধার করা হয়। খবর পেয়ে প্রশাসনিক আধিকারিকরা গুড়িনাওঙ পাড়া ব্রু পূনর্বাসন কেন্দ্র ছুটে যান।

***************************

**Heavy Rain-Flood-UNAKOTI :**

ঊনকোটি জেলার কৈলাশহর ও কুমারঘাট মহকুমার নদীগুলিতে জলস্ফীতির কারণে দু'টি মহকুমার অনেকস্থান জলমগ্ন হয়ে পড়েছে। জেলা সদর কৈলাশহর শহর এলাকার ও কয়েকটি স্থানে রাস্তায় জল দাঁড়িয়ে গেছে।  মহকুমার অনেক নিম্নাঞ্চল ইতিমধ্যে প্লাবিত হয়েছে। ঊনকোটি জেলার 779 জন বন্যা দুর্গত মানুষ ত্রাণ শিবিরে আশ্রয় নিয়েছেন। উদ্ভুত পরিস্থিতিতে প্রশাসন থেকে N.D.R.F, আপদামিত্র, সিভিল ভলান্টিয়ার্সদের ও বন্যাদুর্গতদের সহযোগিতা করতে কাজে লাগানো হয়েছে। অনেক স্থানে ধান ও সবজি ক্ষেত নষ্ট হবার সম্ভাবনা দেখা দিয়েছে।

***************************

**Flood-South Tripura :**

দক্ষিন জেলায় ভয়াবহ আকার ধারন করেছে বন্যা পরিস্থিতি। শেষ খবর পাওয়া পর্যন্ত জেলার শান্তিরবাজার মহকুমার দেবীপুরে এক শিশু সহ ৩ জন ও বিলোনিয়া মহকুমায় ২ জনের মৃত্যু হয়েছে।

ভেসে গেছে বহু পুকুর। ভেঙে পড়েছে বহু মাটির ঘর। ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে কৃষির। খোলা হয়েছে বহু আশ্রয় শিবির।

জলে আটকে যাওয়া মানুষদের উদ্ধারে নেমেছেন টিএসআর নবম বাহিনীর জওয়ানরা ও এনডিআরএফ সহ বিপর্যয় মোকাবিলা কর্তৃপক্ষের স্বেচ্ছাসেবকরা।

*************************

**Flood-Sepahijala :**

সিপাহীজলা জেলার বিশালগড় ও সোনামুড়া মহকুমার বিভিন্ন এলাকায় বন্যা পরিস্থিতির সৃষ্টি হয়েছে। গোমতী নদীর জল বিপদ সীমার উপর দিয়ে বইতে থাকায় সোনামুড়া মহকুমার মেলাঘরের ইন্দিরানগর, কলমক্ষেত প্রভৃতি এলাকার কিছু বাড়ি-ঘরে জল প্রবেশ করেছে বলে জানিয়েছেন সোনামুড়ার মহকুমা শাসক অরূপ দেব। পরিস্থিতি মোকাবেলায় প্রশাসনের তরফ থেকে সব ধরনের সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে বলে জানিয়েছেন তিনি। জনসাধারণকে সতর্কতা অবলম্বনের জন্য মাইকিং করা হচ্ছে। অন্যদিকে বিশালগড় মহকুমার পূর্ব লক্ষীবিল, রাউৎখলা প্রভৃতি এলাকায় বন্যা পরিস্থিতি সৃষ্টি হয়েছে। বন্যার্তদের ডিজাস্টার ম্যানেজমেন্ট, সিভিল ডিফেন্স ও আপদামিত্রদের সহায়তায় উদ্ধার করে রাউৎখলা অঙ্গনওয়াড়ি কেন্দ্রের ত্রাণ শিবিরে পৌঁছানো হচ্ছে। যারা এখনো বাড়ি-ঘরে রয়েছেন নৌকাযোগে তাদের কাছে চিড়া, গুড় পাণীয় জল পৌঁছে দেয়া হচ্ছে। বিধায়ক সুশান্ত দেব নিজেও উদ্ধার কাজে হাত লাগিয়েছেন।

*****************************

**Flood-Khowai :**

খোয়াই জেলায় খোয়াই নদীর জল বিপদসীমার ওপর দিয়ে বইছে। ফলে নদীর জল সোনাতলা, জামিরা ইত্যাদি অঞ্চল দিয়ে ঢুকতে শুরু করেছে। প্রশাসনের পক্ষ থেকে নদীর আশপাশ অঞ্চলে বসবাসকারী জনগণের উদ্দেশ্যে সতর্কতা জারি করা হয়। খোয়াই জেলা প্রশাসন সূত্রে জানানো হয়েছে, গোটা জেলায় ৬২৬টি পরিবার শরণার্থী শিবিরে আশ্রয় নিয়েছে।

এদিকে গতকাল রাতে নদীতে লাকড়ি ধরতে গিয়ে রত্না দেব(দাস) নামে ৪২ বছরের এক মহিলা বাগান বাজার আমতলী এলাকায় নদীর জলে তলিয়ে যায়। এখনো তাকে উদ্ধার করা সম্ভব হয়নি। বেশি সংখ্যায় শরণার্থী আশ্রয় নিয়েছে তেলিয়ামুড়া ও কল্যাণপুরে। জলমগ্ন স্থানে আটকেপড়া মানুষজনকে উদ্ধার করে আনার কাজ চলছে।

*************************

**Task Force :**

চিকিৎসক ও চিকিৎসা সংক্রান্ত পেশায় নিযুক্তদের নিরাপত্তা নিশ্চিত করতে সুপ্রিম কোর্ট একটি জাতীয় টাস্ক ফোর্স গঠন করেছে। প্রধান বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড়ের নেতৃত্বাধীন বেঞ্চ, কলকাতার একটি হাসপাতালে একজন ডাক্তারকে ধর্ষণ ও হত্যার মামলার শুনানির সময়, টাস্ক ফোর্সকে তিন সপ্তাহের মধ্যে অন্তর্বর্তী প্রতিবেদন এবং দুই মাসের মধ্যে চূড়ান্ত প্রতিবেদন জমা দেওয়ার নির্দেশ দেয়। প্রধান বিচারপতি বলেছেন যে আদালত মহিলাদের নিরাপত্তা নিশ্চিত করার জন্য দেশব্যাপী অনুসরণ যোগ্য একটি পদ্ধতির সুপারিশ প্রদানের জন্য সারাদেশের ডাক্তারদের সমন্বয়ে একটি জাতীয় টাস্ক ফোর্স তৈরি করছে। টাস্কফোর্সে থাকবেন সার্জন ভাইস অ্যাডমিরাল আর. সারিন, ডাঃ

ডি নাগেশ্বর রেড্ডি, ডাঃ এম. শ্রীনিবাস, ডাঃ প্রতিমা মূর্তি, ডাঃ গোবর্ধন দত্ত পুরী, ডাঃ সৌমিত্র রাওয়াত, AIIMS দিল্লির কার্ডিওলজি বিভাগের প্রধান, অধ্যাপক অনিতা সাক্সেনা, মুম্বাই এর গ্রান্ট মেডিকেল কলেজের ডিন, অধ্যাপক পল্লবী সাপ্রে এবং AIIMS এর নিউরোলজি বিভাগের ড. পদ্মা শ্রীবাস্তব।

সারাদেশে চিকিৎসক ও চিকিৎসা পেশাজীবীদের নিরাপত্তাহীন কর্মপরিবেশ নিয়ে গভীর উদ্বেগ প্রকাশ করে আদালত বলেছে যে বর্তমানে চালু আইন ডাক্তারদের পর্যাপ্তভাবে প্রাতিষ্ঠানিক নিরাপত্তা দিতে পারে না।

**************************

**Health Ministry :**

কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রক হাসপাতালের নিরাপত্তা বাড়ানোর জন্য কেন্দ্রীয় সরকারী হাসপাতাল এবং প্রতিষ্ঠানের সমস্ত প্রধানকে চিঠি দিয়েছে। চিঠিতে, মন্ত্রক সমস্ত প্রবেশ ও প্রস্থানের দ্বার, করিডোর, অন্ধকার স্থান এবং গুরুত্বপূর্ণ এলাকা সহ বিভিন্ন স্থানে পর্যাপ্ত সংখ্যক উচ্চ-রেজোলিউশন সিসিটিভি ক্যামেরা স্থাপন করতে বলেছে। জরুরী পরিস্থিতিতে দ্রুত সাড়া দেওয়ার জন্য একটি নিয়ন্ত্রণ কক্ষও স্থাপন করা উচিত বলে উল্লেখ করা হয়েছে। হাসপাতালের চত্বরে যথাযথ নজরদারি, টহল, নজরদারির জন্য পর্যাপ্ত সংখ্যক প্রশিক্ষিত নিরাপত্তারক্ষী মোতায়েন করার কথা বলা হয়েছে।

মন্ত্রক আরো বলেছে যে শুধুমাত্র অনুমোদিত কর্মীদের প্রবেশের বিষয়টি কঠোরভাবে পর্যবেক্ষণ করা উচিত এবং কর্তব্যরত অবস্থায় হাসপাতালের সমস্ত স্টাফদের আই কার্ড প্রদর্শন

বাধ্যতামূলক করা উচিত। বলা হয়েছে সমস্ত দর্শনার্থীদের নজরদারি নিশ্চিত করার জন্য উপযুক্ত ব্যবস্থা করতে হবে। আরও বলা হয়েছে যে মহিলা স্বাস্থ্য পেশাদারদের জন্য মৌলিক সুযোগ-সুবিধা সহ পর্যাপ্ত সংখ্যক সুরক্ষিত ডিউটি রুমের ব্যবস্থা করা উচিত। রাতে মহিলা স্বাস্থ্য পেশাদারদের মোতায়েন একের বেশি সংখ্যায় করার কথাও বলা হয়েছে।

***************************

**BJP candidate-Rajya Sabha :**

ত্রিপুরা থেকে রাজ্যসভার একমাত্র আসন নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করার জন্য প্রদেশ বিজেপি সভাপতি রাজীব ভট্টাচার্যকে বিজেপি প্রার্থী হিসেবে মনোনীত করা হয়েছে। আজ দলের পক্ষ থেকে রাষ্ট্রীয় মহাসচিব অরুণ সিং এক বিজ্ঞপ্তিতিতে এ খবর জানান। একইসঙ্গে আসাম, বিহার, হরিয়ানা, মধ্যপ্রদেশ, মহারাষ্ট্র, উড়িষ্যা ও রাজস্থানে রাজ্যসভার শূন্য আসনের নির্বাচনে প্রার্থীদের নাম ঘোষণা করা হয়।

***************************

**Dr. Pradip Basak :**

রাজ্যের বিশিষ্ট চিকিৎসক ডাঃ প্রদীপ বসাক আজ দুপুরে আগরতলার একটি বেসরকারী হাসপাতালে শেষ নিঃশাস ত্যাগ করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭৩ বছর। উল্লেখ্য ডা: প্রদীপ বসাক রাজ্যের একজন বিশিষ্ট নাক কান গলা বিশেষজ্ঞ। তাঁর মৃত্যুতে চিকিৎসক মহলে গভীর শোকের ছায়া নেমে আসে।

***************************

**Rajib Gandhi :**

প্রদেশ কংগ্রেসের উদ্যোগে আজ প্রাক্তন প্রধানমন্ত্রী প্রয়াত রাজীব গান্ধীর ৮০ তম জন্মজয়ন্তী যথাযথ মর্যাদায় উদযাপন করা হয়। আগরতলায় কংগ্রেস ভবনে দলীয় পতাকা উত্তোলন করে রাজীব গান্ধীর মূর্তিতে পুষ্পার্ঘ্য অর্পণ করার পর গান্ধীঘাটে পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধা জানানো হয়।অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রদেশ কংগ্রেস সভাপতি আশীষ কুমার সাহা, বিধায়ক সুদীপ রায় বর্মন, প্রদেশ যুব কংগ্রেস সভাপতি নীলকমল সাহা সহ কংগ্রেস দলের অন্যান্য কর্মী সমর্থকরা। প্রদেশ কংগ্রেস সভাপতি আশীষ কুমার সাহা জানান, জাতীয় কর্মসূচির অঙ্গ হিসেবে ভারতরত্ন রাজীব গান্ধীর ৮০তম জন্মজয়ন্তী উদযাপন করা হচ্ছে। তিনি বলেন রাজীব গান্ধী দেশের যুবসমাজকে এগিয়ে নিয়ে যাওয়ার স্বপ্ন দেখেছিলেন। প্রদেশ মহিলা কংগ্রেসের উদ্যোগে আজ গন্ডাছড়ায় দুর্গতদের মধ্যে বস্ত্র বিতরণ করা হয়। তাছাড়া এ উপলক্ষে প্রদেশ কংগ্রেসের উদ্যোগে বৃক্ষরোপন কর্মসূচীও হাতে নেওয়া হয়েছে।

****************************

**Manipuri Vasha Dibash :**

৩৩তম মনিপুরি ভাষা দিবস আজ আগরতলায় মুক্তধারা অডিটোরিয়ামে উদযাপন করা হয়। রাজ্য সরকারের উদ্যোগে আয়োজিত এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার সহ মণিপুরী ভাষা গোষ্ঠীর বিশেষ ব্যক্তিত্বরা। ১৯৯২ সালের ২০ অগাস্ট সংবিধানের অষ্টম তপশীলের অন্তর্ভুক্ত করা হয় মণিপুরী ভাষাকে। সেই থেকে মণিপুরী ভাষা গোষ্ঠীর লোকেরা বিশেষ মর্যাদার সঙ্গে এই দিনটি পালন করে আসছেন। মেয়র জানান মণিপুরী ভাষার প্রচার ও প্রসার এবং তাদের কৃষ্টি ও সংস্কৃতিকে তুলে ধরতেই এই দিনটি প্রতিবছর উদযাপন করা

হয়। অনুষ্ঠানে মণিপুরী ভাষা গোষ্ঠীর বিভিন্ন সাংস্কৃতিক কৃষ্টি ও ঐতিহ্য তুলে ধরা হয়।

******************************

**Flood-visit :**

আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার আজ জলমগ্ন দক্ষিণ জয়নগর এলাকা পরিদর্শন করেন। শ্রী মজুমদার বলেন ইতিমধ্যে শরণার্থী শিবির খোলা হয়েছে। স্থানীয় জনগনও পরিস্থিতি মোকাবিলায় সাহায্য করছেন। তিনি বলেন জেলা প্রশাসন সহ আগরতলা পুর নিগম পরিস্থিতির উপর নজর রাখছে। বন্যার্তদের সহায়তায় সবরকম সহযোগিতার আশ্বাস দেন তিনি।

এদিকে, বিধায়িকা মীনা রানী সরকার আজ বাধারঘাট বিধানসভা কেন্দ্রের ভট্টপুকুর বালুরচর দূর্গাপল্লী সংলগ্ন জলমগ্ন বিস্তীর্ণ এলাকা পরিদর্শনে যান। শ্রীমতি সরকার পরিদর্শন কালে প্রশাসনিক আধিকারিদের জলবন্দী লোকজনকে নিরাপদ স্থানে আশ্রয়ের ব্যবস্থা করার নির্দেশ দেন।

**************************

**CPIM meet with DM West :**

বন্যায় ক্ষতিগ্রস্তদের দ্রুত ক্ষতিপূরণ দেওয়া সহ বিভিন্ন দাবিতে সিপিআইএমের পশ্চিম জেলা কমিটির এক প্রতিনিধি দল আজ পশ্চিম জেলার জেলা শাসক ডাঃ বিশাল কুমারের সঙ্গে সাক্ষাৎ করেন। সিপিআইএম পশ্চিম ত্রিপুরা জেলা সম্পাদক রতন দাস জানান, মোহনপুর ও জিরানিয়া মহকুমার বন্যা কবলিত এলাকাগুলিতে দ্রুত সরকারি উদ্যোগে খাবার ও পানীয় জল পৌঁছে দেওয়ার জন্য জেলা শাসকের কাছে দাবি জানানো হয়েছে।

প্রতিনিধি দলে ছিলেন, সিপিআইএমের সদর মহকুমা সম্পাদক শুভাশিস গাঙ্গুলী ডুকলি মহকুমা সম্পাদক নারায়ন দেব এবং জিরানিয়া মহকুমা সম্পাদক সুভাষ দে।

*****************************

**State Level Football :**

রাজ্যভিত্তিক অনুর্ধ্ব সতেরো বালিকা বিভাগের ফুটবল প্রতিযোগিতা আজ থেকে ঊনকোটি জেলার কুমারঘাট মহকুমার গোকুলনগর হাইস্কুল মাঠে শুরু হয়েছে। ত্রিপুরা স্কুল স্পোর্টস বোর্ড এই রাজ্যভিত্তিক আসরের আয়োজক। ক্রীড়া দপ্তরের সহ-অধিকর্তা অমিত কুমার যাদব জানান, তিনদিনের এই প্রতিযোগিতা চলবে আগামী বৃহস্পতিবার পর্যন্ত। এই প্রতিযোগিতায় নয়টি দলের মধ্যে আটটি ফুটবল দল অংশ নিয়েছে।

*************************

**Rakhal Shield :**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত রাখাল শিল্ড ঘরোয়া নকআউট ফুটবল প্রতিযোগিতায় লালবাহাদুর ব্যায়ামাগার ও ত্রিপুরা পুলিশ সেমিফাইনালে উঠেছে। উমাকান্ত মিনি স্টেডিয়াম আজ অনুষ্ঠিত আসরের কোয়ার্টার ফাইনালে লালবাহাদুর ব্যায়ামাগার ১-০ গোলে বীরেন্দ্র ক্লাবকে পরাজিত করে। একই মাঠে নৈশালোকে অপর কোয়ার্টার ফাইনালে ত্রিপুরা পুলিশ ২-১ গোলো জুয়েলস এসোসিয়েশনকে হারিয়ে দেয়।

*******************************************

**State School Judo :**

রাজ্য ভিত্তিক স্কুল জুডো প্রতিযোগিতা আজ শুরু হয়েছে। বাধারঘাটের ইন্ডোর স্টেডিয়ামের জুডো হলে তিনদিন ব্যাপী রাজ্য আসরের উদ্বোধন করেন আগরতলা পুর নিগমের ডেপুটি মেয়ের মনিকা দাস দত্ত। আসরে ৮টি জেলা সহ ত্রিপুরা স্পোর্টস স্কুলের মোট ২১৯ জন জুডোকার অংশ নেয়। আজ সন্ধ্যায় উদ্বোধনের পর বিভিন্ন বিভাগের খেলা শুরু হয়।

*****************************

**Weather :**

আগামী ২৪ ঘণ্টায় দক্ষিণ জেলায় বিক্ষিপ্তভাবে ভারী থেকে অতি ভারী বৃষ্টিপাতের সর্তকতা জারি করেছে আবহাওয়া দপ্তর। এছাড়া উত্তর, গোমতী, সিপাহীজলা এবং ধলাই জেলায় কিছু জায়গায় বজ্রবিদ্যুৎ সহ ভারী বৃষ্টিপাতের সর্তকতা জারি করা হয়েছে। আগামীকাল সর্বোচ্চ তাপমাত্রা ৩১ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৯ দশমিক চার ডিগ্রী সেলসিয়াস এবং সর্বনিম্ন পঁচিশ দশমিক পাঁচ ডিগ্রী সেলসিয়াস।

*****************************